# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 MAY 2025** **7:45—7:55 PM IST**

=====================================================

(১) পঞ্চায়েত নির্বাচনের দ্বিতীয় তথা অন্তিম পর্যায়ে আগামীকাল তেরোটি জেলায় ভোটগ্রহণ/ নির্বাচনের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসন সমূহ প্রস্তুত/

(২) সম্ভাব্য যুদ্ধকালীন পরিস্থিতি সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্যে আগামীকাল দেশের বিভিন্ন স্থানে সতর্কতামূলক অনুশীলন/

(৩) ২০২৬ সালের বিধানসভা নির্বাচন পর্যন্ত অসম গণপরিষদ এবং বিজেপির মধ্যে মিত্রতা অটুট থাকবে বলে মুখ্যমন্ত্রী তথা রাজ্য বিজেপির প্রবীণ নেতা ড: হিমন্ত বিশ্ব শর্মার ঘোষণা।

এবং

৪) আগামী ২৩ থেকে ২৯শে মে পর্যন্ত আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের কম্পার্টমেন্টাল পরীক্ষা।

---------------------------------------------------------------------------------

পঞ্চায়েত নির্বাচনের দ্বিতীয় তথা শেষ পর্যায়ে আগামীকাল ১৩ টি জেলায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে । জেলাগুলি হলো ধুবরী ,দক্ষিণ শালমারা -মানকাচর ,গোয়ালপারা ,বঙ্গাইগাঁও ,বরপেটা ,বজালী ,নলবারী ,কামরূপ ,কামরূপ মহানগর , হোজাই , নগাঁও ,মরিগাঁও এবং দরং জেলা । ইতিমধ্যে প্রিসাইডিং ও পোলিং আধিকারিকরা নিজ নিজ ভোটকেন্দ্রে পৌঁছে গেছেন । আগামীকাল অনুষ্ঠেয় নির্বাচনের জন্য সংশ্লিষ্ট জেলাপ্রশাসনগুলির প্রস্তুতি সম্পূর্ন করেছে । এদিকে নির্বাচনের সময়ে যাতে কোনোধরণের অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি না হয় তার জন্য বেশকয়েকটি জেলায় কড়া

নিরাপত্তা ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে । এই পর্যায়ে ৯১ লক্ষ ৩১ হাজার ১২৭ জন ভোটদাতা ২৯ হাজার ৬০৮ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন ।

---

কেন্দ্রীয় সরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন আগামীকাল অনুষ্ঠেয় অসামরিক প্রতিরক্ষা সংক্রান্ত মকড্রিল সম্পর্কে আজ রাজ্যগুলির মুখ্য সচিবদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়েছেন । নতুন দিল্লির সরাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যালয়ে অনুষ্ঠিত এই বৈঠকে অসামরিক প্রতিরক্ষা বিভাগের সঞ্চালক প্রধান, জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা বাহিনীর সঞ্চালক প্রধান এবং অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা অংশগ্রহণ করেন । কেন্দ্রীয় সরকার গতকাল অসামরিক প্রতিরক্ষা প্রস্তুতির মূল্যায়নের জন্য মকড্রিল অথবা বিশেষ অনুশীলন করানোর জন্য রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে নির্দেশ দিয়েছিল । সেই অনুসারে সরাষ্ট্র মন্ত্রণালয় দেশের ২৪৪টি অসামরিক প্রতিরক্ষা জেলায় বিশেষ মকড্রিল আয়োজনের সিদ্ধান্ত নিয়েছে । গ্রাম পর্যায় পর্যন্ত এই অনুশীলন করানোর পরিকল্পনা নেওয়া হয়েছে । বিমানের সতর্কতা ব্যবস্থার পাশাপাশি ভারতীয় বায়ুসেনা বাহিনীর সঙ্গে হটলাইন অথবা রেডিও সংযোগ ব্যবস্থা কার্যকরী করণের মূল্যায়ন করা এবং নিয়ন্ত্রণ কক্ষের কর্মক্ষমতা পরীক্ষা করাটাই হচ্ছে এই মকড্রিল অথবা বিশেষ অনুশীলনের প্রাথমিক উদ্দেশ্য । এই অনুশীলনের সময়ে যেকোনো দুর্যোগ অথবা আক্রমণের থেকে নিজেকে সুরক্ষিত রাখার ক্ষেত্রে অসামরিক প্রতিরক্ষার বিভিন্ন কৌশল অবলম্বন সম্পর্কে জনসাধারণ তথা ছাত্রছাত্রীদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে ।

উল্লেখ্য- সম্প্রতি পহলগামে সন্ত্রাসবাদীরা পর্যটকদের উপর নৃশংস আক্রমণ চালানোর পর ভারত ও পাকিস্তনার মধ্যেকার সম্পর্কের চূড়ান্ত অবনতি ঘটার পরিস্থিতিতে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় রাজ্যগুলিকে এই নির্দেশ দিয়েছে । মন্ত্রণালয় সাতটি বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির পরামর্শ দিয়েছে । বিমান আক্রমণের সময়ে সাইরেন ব্যবস্থার সক্রিয়করণ, সাধারণ লোক, বিশেষ করে ছাত্রছাত্রীদের সুরক্ষা নিশ্চিত করা, হঠাৎ বিদ্যুৎ কর্তন বা ব্ল্যাক আউট হলে কী ব্যবস্থা গ্রহণ করা হবে সেই বিষয়ে সচেতন করা, আপদকালীন পরিস্থিতিতে দ্রুত উদ্ধারের ব্যবস্থা শেখা এবং গুরুত্বপূর্ণ কারখানা বা বন্দরে নিরাপত্তা নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য মন্ত্রণালয় রাজ্য সরকারগুলিকে পরামর্শ দিয়েছে ।

স্মরণ করা যেতে পারে যে- গত ২২শে এপ্রিল পহলগামে সন্ত্রাসবাদীদের চালানো আক্রমণের পর ভারত বিভিন্ন কূটনৈতিক কৌশলে পাকিস্তানের উপর চাপ সৃষ্টি করে আসছে । ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধের উত্তেজনা চলতে থাকার সময়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত তিনদিন ধরে প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং সেনা বাহিনীর উচ্চপদস্থ

আধিকারিকদের সঙ্গে সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে একটির পর একটি গুরুত্বপূর্ণ বৈঠক করে আসছেন ।

---------------------------------------------------------------------------------------------------

বিশ্বের বিভিন্ন প্রান্তে আজ বিশ্ব হাপানী দিবস উপলক্ষ্যে নানা কার্যসূচীর আয়োজন করা হয় । হাপানীর আন্তঃজাতিক পদক্ষেপ সংস্থা প্রতিবছর মে মাসের প্রথম মঙ্গলবার সমগ্র বিশ্বে এই দিবস পালন করে আসছে । । এবছর এই দিবসের বিষয়বস্তু হচ্ছে---- # মেইক ইনহেল্ড ট্রিটমেন্টস এক্সেসিবল ফর অল # । এই দিবসের মাধ্যমে হাপানী রোগের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা ছাড়াও দীর্ঘদিন ধরে থাকা শ্বাস প্রশ্বাসজনিত সমস্যার সঠিকভাবে চিকিৎসা করার প্রয়োজনীয়তা সম্পর্কে ´অবগত করানোর চেষ্টা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------------

স্মার্ট ফোন সম্প্রতি কেবল যোগাযোগের মাধ্যমই নয় , সবলীকরণের একটি মাধ্যম তথা সমগ্র বিশ্বের তথ্য লাভের মাধ্যম । কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ নতুন দিল্লীতে অনুষ্ঠিত ভারত টেলিকমের ২২ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে একথা বলেন । ভারত বর্তমানে বিশ্বের টেলিকম খন্ডে দ্বিতীয় সর্ববৃহৎ দেশ হিসেবে পরিগণিত হয়েছে বলে উল্লেখ করে  শ্রী সিন্ধিয়া বলেন যে দেশে বর্তমানে ১২০ কোটি লোক মোবাইল ব্যবহার করেন । তিনি আরো বলেন যে ব্রডব্যান্ড ব্যাবহারকারীর সংখ্যা এক দশক পূর্বে ৬ কোটি পর্যন্ত ছিলো যা বৃদ্ধি পেয়ে বর্তমানে ৯৫ কোটি হয়েছে । একইভাবে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যাও ২৫ কোটি থেকে ৯৭ কোটি হয়েছে বলেও মন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------------------

আয়ের সঙ্গে  সামঞ্জস্যহীন সম্পত্তির মামলায় গৌহাটী হাইকোর্ট আজ রাজ্যের অসামরিক সেবা আধিকারিক মাসুম ইউসুফ আহমেদ ও ভূমি রাজস্ব সেবা আধিকারিক তনবীর ইউসুফ আহমেদের জামিন নাকচ করেছে । মূখ্যমন্ত্রীর তদারকী কোষে রুজু হওয়া মামলার ভিত্তিতে অভিযুক্ত দুজন আধিকারিক জামিন চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলো । তবে পুরো বিষয়টি নিয়ে শুনানী গ্রহণের শেষে হাইকোর্টের বিচারপতি মিতালী ঠাকুরীয়ার একজনের বিচারপীঠ তাদের জামিন নাকচ করেছে । এরপর মূখ্যমন্ত্রীর তদারকী কোষ আধিকারিক দুজনকে গ্রেপ্তার করেছে ।

---------------------------------------------------------------------------------------------------

ত্রিপুরার রাঙ্গাছড়া গ্রাম রাজ্যের মধ্যে প্রথম সবুজ গ্রামের স্বীকৃতি পেয়েছে । আমাদের আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে ত্রিপুরার উত্তর-পূর্ব সীমান্তে থাকা মোহনপুর

মহকুমার অর্ন্তগত রাঙ্গাছড়া গ্রামে রাজ্য সরকারের উদ্যোগে সৌর বিদ্যুৎ এবং সৌর ভিত্তিক জল পরিশোধক ব্যবস্থা চালু করা হয়েছে । ত্রিপুরা রিনিউএল ইনার্জি ডেভোলাপমেন্ট এজেন্সি কর্তৃপক্ষ রাঙ্গাছড়া গ্রামকে সবুজ গ্রাম হিসেবে গড়ে তোলার উদ্যোগ গ্রহন করে। এরজন্য গ্রামের প্রতিটি পরিবারে সৌর বিদুৎ পৌছে দিতে এক কোটী ২৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে । এছাড়া গ্রামের সড়কে ৭০টি সৌর বিদুৎ বাল্ব বসানো হয়েছে ।

উল্লেখ্য- পূর্বে রাঙ্গাছড়া গ্রামের পানীয় জলে আয়রনের পরিমাণ বেশী থাকায় গ্রামবাসীদের স্বাস্থ্যের উপর এর ক্ষতিকর প্রভাব পড়তো । এই প্রকল্প বাস্তবায়িত হওয়ার ফলে রাঙ্গাছড়ার গ্রামবাসীরা উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

২০২৬ সালের বিধানসভা নির্বাচন পর্যন্ত অসম গণপরিষদ এবং বিজেপি'র মিত্রতা অক্ষুন্ন থাকবে । বজালিতে গতকাল মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা একথা ঘোষণা করেছেন । বজালিতে এক নির্বাচনী সভায় অংশ গ্রহণের পর সংবাদ মাধ্যমের সঙ্গে কথা প্রসঙ্গে মুখ্যমন্ত্রী আরো বলেন যে- মিত্রতা অটুট থাকলেও পরবর্তী বিধানসভা নির্বাচনে আসন সংখ্যা কম-বেশি হতে পারে । এদিকে বি টি আর'এর আসন্ন নির্বাচন প্রসঙ্গে সাংবাদিকদের করা প্রশ্নের উত্তরে ডঃ শর্মা এই নির্বাচনে মিত্রতা না-ও হতে পারে বলে জানান । তবে বিটিআর নির্বাচনে বিজেপি এবং ইউ পি পি এল বন্ধুত্বমূলক প্রতিদ্বন্দিতা করবে বলেও তিনি জানান ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আজ কম্পার্টমেন্টাল পরীক্ষার সময়সূচী ঘোষনা করেছে । এ অনুসারে ২৩ শে মে কম্পার্টমেন্টাল পরীক্ষা আরম্ভ হবে এবং ২৯ শে মে শেষ হবে । পর্ষদের তথ্য অনুসারে কম্পার্টমেন্টাল পরীক্ষার জন্য ৫৪ হাজার ৯৯৪ জন শিক্ষার্থী আবেদন করেছে এবং রাজ্যের মোট ১১০ টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর শ্রীভূমির বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থের উদ্যোগে আগামী ১৯শে মে শ্রীভূমি শহরের সুভাষনগর স্পোর্টিং ইউনিয়ন ক্লাবের পাশে একটি নতুন শহীদ বেদীর আনুষ্ঠানিক উন্মোচন করা হবে বলে আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিন সাংসদ পরিমল শুক্লবৈদ্য , কৃপানাথ মালা , মিশন

রঞ্জন দাশ ,  দুই মন্ত্রী কৌশিক রাই , কৃষ্ণেন্দু পাল প্রমূখ উপস্থিত থাকার কথা রয়েছে ।

-----------------------------------------------------------------------------------

বিহারে অনুষ্ঠিত খেলো ইন্ডিয়া যুব ক্রীড়া সমারোহের আজ তৃতীয় দিন ফুটবল প্রতিযোগীতার ছেলেদের শাখায়  মেঘালয় চন্ডীগড়কে ১০-১ গোলের ব্যবধানে পরাজিত করেছে । অন্য আরেকটি খেলায় ওড়িশা পশ্চিমবঙ্গের বিরুদ্ধে ২-১ ব্যবধানে জয়লাভ করেন ।

-----------------------------------------------------------------------------------